কোটচাঁদপুরে শহীদ জিয়াউর রহমানের ৪১তম শাহাদৎ বার্ষিকী পালিত

ঝিনাইদহের কোটচাঁদপুরে নানা আয়োজনের মধ্য দিয়ে বিএনপি’র প্রতিষ্ঠাতা শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের ৪১ তম শাহাদৎ বার্ষিকী পালিত হয়েছে।

সোমবার সকালে উপজেলা ও পৌর বিএনপি’র আয়োজনে উপজেলা ও পৌর কার্যালয়ের সামনে জাতীয়,দলীয় ও কালো পতাকা উত্তোলন করা হয়। পরে কোরআন তেলাওয়াত, আলোচনা সভা ও জিয়াউর রহমানের আত্মার শান্তি কামনা করে বিশেষ দোয়া ও দুস্থদের মাঝে খাবার বিতরণ করা হয়।

শাহাদৎ বার্ষিকী উপলক্ষে পৌর বিএনপি’র আয়োজনে মেইন বাজার কার্যালয়ে পৌর বিএনপি’র সভাপতি ও সাবেক মেয়র সালাহউদ্দীন বুলবুল সিডলের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, বিএনপি’র কেন্দ্রীয় নির্বাহী কমিটির তথ্য ও গবেষণা বিষয়ক সহ-সম্পাদক আমিরুজ্জামান খাঁন শিমুল।

এসময় তিনি বলেন, মহান স্বাধীনতার ঘোষক বহুদলীয় গণতন্ত্রের প্রবর্তক আধূনিক বাংলাদেশের স্থপতি শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের এর ৪১ তম শাহাদত বার্ষিকীতে তাকে বিশেষ ভাবে স্বরণ করছি। এসময় তিনি গণতন্ত্র পূণরুদ্ধারে সকল নেতা-কর্মীদের কে আন্দোলন সংগ্রামে যোগ দিতে বলেন।

পৌর বিএনপির সাংগঠনিক সম্পাদক মির্জা টিপুর সঞ্চালনায় আলোচনা সভায় এছাড়াও বক্তব্য রাখেন, জেলা বিএনপির সিনিয়র সদস্য আবুবকর বিশ্বাস, পৌর বিএনপির সাধারণ সম্পাদক আবুল কাশেম, ওয়ার্ড বিএনপির সভাপতি মোমিন মনোয়ার প্রমূখ। এসময় সিনিয়র সহ-সভাপতি আব্দুর রশিদ সরদার, পৌর যুবদলের আহ্বায়ক ফয়েজ আহম্মেদ তুফান, ছাত্রদল নেতা রাব্বি সহ অঙ্গ সংগঠনের বিভিন্ন পর্যায়ের নেতা- কর্মীরা উপস্থিত ছিলেন। অন্যদিকে উপজেলা বিএনপি’র আয়োজনে স্থানীয় মেইন বাসষ্টান্ডে বিএনপি কার্যালয়ে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উপজেলা বিএনপির সভাপতি অধ্যাপক আব্দুর রাজ্জাকের সভাপতিত্বে সভায় বক্তব্য রাখেন, উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক লিয়াকত আলী, সাবেক উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান ও এলাঙ্গী ইউনিয়ন বিএনপি’র

সভাপতি মোঃ ইকরামুল হক, উপজেলা বিএনপির সহ-সভাপতি সাইফুর রহমান, উপজেলা বিএনপি’র দপ্তর সম্পাদক শহিদুল ইসলাম, সাফদারপুর ইউনিয়ন বিএনপি’র সভাপতি ফরিদ আহম্মেদ, বলুহর ইউনিয়ন বিএনপি’র সভাপতি আশরাফ আলী, দোড়া ইউনিয়ন বিএনপি’র সভাপতি মিজানুর রহমান শান্টু, উপজেলা যুবদল নেতা আশরাফুজ্জামান খাঁন মুকুল, প্রমূখ।

এসময় উপজেলা বিএনপি ও অঙ্গ সংগঠনের বিভিন্ন পর্যায়ের নেতা- কর্মীরা উপস্থিত ছিলেন। পরে দুস্থদের মাঝে খাবার বিতরণ করা হয়।

জীবননগরে বীর মুক্তিযোদ্ধা খতিব উদ্দিন কে রাষ্ট্রীয় মর্যাদায় দাফন

চুয়াডাঙ্গার জীবননগর উপজেলার হরিহরনগর গ্রামের বাসিন্দা বীর মুক্তিযোদ্ধা মো. খতিব উদ্দিন ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

সোমবার সকালে হৃদরোগে আক্রান্ত হয়ে তাঁর মৃত্যু হয়। বিকেলে জানাজা শেষে তাঁকে রাষ্ট্রীয় মর্যাদায় দাফন করা হয়।

এর আগে উপজেলা প্রশাসনের পক্ষ থেকে তাঁকে গার্ড অব অনার দেওয়া দেন জীবননগর উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. আরিফুল ইসলাম।

বীর মুক্তিযোদ্ধার মৃত্যুতে শোক প্রকাশ করেছেন জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান মো. হাফিজুর রহমান, ইউএনও আরিফুল ইসলামসহ উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডারের সদস্যরা।

মেহেরপুর পৌরসভা নির্বাচনে দুই কাউন্সিলর প্রার্থীর নাম বিভ্রাট

মেহেরপুর পৌরসভা নির্বাচনের ৭ নং ওয়ার্ডের দুই প্রার্থীর মধ্যে শুরু হয়েছে নামের বিড়ম্বনা। অবশেষে সমাধান পেতে নির্বাচন কমিশনের দারস্থ্য হলেন একজন প্রার্থী।

এরা হলেন, পৌরসভার ৭ নং ওয়ার্ডের বর্তমান কাউন্সিলর নুরুল আশরাফ রাজিব তার প্রতীক উটপাখি। অপরজন হলেন একই ওয়ার্ডের কাউন্সিলর প্রার্থী তারিকুল ইসলাম রাজিব তার প্রতীক টেবিল ল্যাম্প।

কাউন্সিলর নুরুল আশরাফ রাজিবের অভিযোগ তরিকুল ইসলামের নামের কোথাও রাজিব শব্দটি নেই। তার জাতীয় পরিচয়পত্রে রাজিব নেই অথচ, সে পোষ্টারে ও মাইকে প্রচার প্রচারণার সময় তারিকুল ইসলাম রাজিব বলছেন। তিনি অভিযোগ করেন তারিকুল ইসলাম তার নামের সাথে রাজিব যোগ করার কারণে সাধারণ ভোটাররা বিভ্রান্ত হচ্ছেন। এলাকার ভোটাররা আমাকে রাজিব হিসেবে চেনেন। সে তো ভোটারদের কাছে অপরচিত। নামের বিভ্রাটে আমার ভোট তার বাকসে পড়তে পারে। তাই আমি প্রতিকার পেতে নির্বাচন কমিশনে অভিযোগ করেছি।

তারিকুল ইসলামের সাথে যোগাযোগের চেষ্টা করা হলে তাকে পাওয়া যায়নি।

এব্যাপারে মেহেরপুর পৌরসভা নির্বাচনের রিটার্নিং অফিসার তারেক আহম্মেদ বলেছেন, এব্যাপারে একটি লিখিত অভিযোগ পেয়েছি। নামের বিষয়টি সাধারণত ওভারলুক করা হয়ে থাকে। যেহেতু প্রার্থী লিখিত অভিযোগ করেছেন। তাই বিষয়টি সুরাহার জন্য আগামীকাল মঙ্গলবার তাদের দুজনকে অফিসে ডাকা হয়েছে। একটা সিদ্ধান্ত নেয়া হবে।

কুষ্টিয়ায় চুরি ঠেকাতে বিদ্যুৎ সংযোগ, প্রান গেলো কৃষকের

কুষ্টিয়ার মিরপুরে খোলা মাঠে অসাধু উপায়ে ঝুঁকিপূর্ণ বিদ্যুৎ সংযোগ ব্যবহার করে চুরি ঠেকাতে পেতে রাখা ফাঁদে বিদ্যুৎষ্পৃষ্ট আব্দুল হক ওরফে হক সাহেব (৫০) নামের এক কৃষকের মৃত্যু হয়েছে।

খোলা মাঠে এমন বিদ্যুতের ব্যবহারে ক্ষুদ্ধ এলাকার সাধারন কৃষকরা। যত্রতত্র বিদ্যুতের এমন অপব্যবহার রোধ এবং হত্যার বিচার চেয়ে দাবি করেছেন স্থানীয় বিক্ষুব্ধ কৃষকরা।

সোমবার সকাল ৭টার দিকে কুষ্টিয়ার মিরপুর উপজেলা মালিহাদ ইউনিয়নের আবুরী মাঠপাড়া এলাকার মাঠে এ ঘটনা ঘটে। নিহত কৃষক আব্দুল হক উপজেলার মালিহাদ ইউনিয়নের আবুরী মাঠপাড়া গ্রামের মৃত ইয়ামিন আলীর ছেলে।

নিহতের ছেলে পলাশের অভিযোগ, গত রাতে মরিচের চারা কেনার জন্য পাশ্ববর্তী খবির উদ্দিনের ছেলে শুকচাঁদ আলীর সাথে কথা বলেন আব্দুল হক। সকালে তিনি চারা কেনার জন্য শুকচাঁদ আলীকে সাথে নিয়ে তার জমিতে চারা কিনতে যায়।

পরে খবর আসে মাঠে মরিচের জমির আইলের চারপাশে রাখা বিদ্যুৎ সংযগের তারে জড়িয়ে আমার আব্বা মারা গেছে। এটি একটি হত্যাকান্ড আমি এর বিচার চাই।

নিহতের ফুপাতো ভাই আহাম্মদ আলী জানান, খোলা মাঠে এভাবে বিদ্যুতের ফাঁদের কারণে আমার ভাই এর মৃত্যু হয়েছে। যেহেতু জমির মালিক যিনি এ বিদ্যুতের ফাঁদ পেতেছেন তিনিও ছিলেন। তাহলে এ মৃত্যু অস্বাভাবিক।

মিরপুর থানা পুলিশের ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) গোলাম মোস্তফা ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন।

কুমারখালীতে শিশু নির্যাতনকারীকে গ্রেফতারের দাবিতে মানববন্ধন

কুষ্টিয়ার কুমারখালীতে দ্বিতীয় শ্রেণির ছাত্রকে পাশবিক নির্যাতনকারী নৈশ প্রহরীকে গ্রেফতারের দাবিতে মানববন্ধন কর্মসুচী পালন করেছে। একই সাথে বিভিন্ন দপ্তরে স্মারকলিপি প্রদান করছে।

সোমবার সকাল ১০টার দিকে কুমারখালী বাসস্ট্যান্ডে মানববন্ধন শেষে উপজেলার বিভিন্ন দপ্তরে স্মারকলিপি প্রদান করা হয়। ভূমিহীন সমিতি, নির্যাতিত পরিবার ও এলাকাবাসী এতে অংশ নেয়।

গত শনিবার কুমারখালীর মালিয়াট সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নৈশ প্রহরী হারুনর রশীদ হারুন কর্তৃক দ্বিতীয় শ্রেণির ছাত্র পাশবিক নির্যাতনের ঘটনায় কুমারখালী থানায় নারী ও শিশু নির্যাতন দমন আইনে মামলা হয়। এই ঘটনায় আসামীকে গ্রেফতারের দাবিতে নিজেরা করি সংগঠনের অঞ্চল সমন্বয়ক কামাল হোসেনের নেতৃত্বে নির্যাতিত পরিবার ও এলাকাবাসীর উপস্থিতিতে মানববন্ধন বের করা হয়।

শেষে উপজেলা নির্বাহী কর্মকর্তা, থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা, প্রাথমিক শিক্ষা কর্মকর্তা ও মহিলা বিষয়ক কর্মকর্তার কাছে স্মারকলিপি প্রদান করা হয়। এ সময় ভূমিহীন সমিতি আঞ্চলিক কমিটির সভাপতি আব্দুল ওহাব, সাধারণ সম্পাদক আব্দুর রহিমসহ নির্যাতিত পরিবার ও এলাকাবাসী উপস্থিত ছিলেন।

মফস্বল সাংবাদিকদের বসুন্ধরা গ্রুপ যে সম্মাননা দিল, তা

সত্যিই বিরল-আবদুর রশীদ চৌধুরী

কুষ্টিয়া থেকে প্রকাশিত প্রথম দৈনিক পত্রিকা দৈনিক বাংলাদেশ বার্তার সম্পাদক আবদুর রশীদ চৌধুরী বলেছেন আমাদের মফস্বলের সাংবাদিকদের বসুন্ধরা গ্রুপ যে সম্মাননা দিল, তা সত্যিই বিরল।

গত রবিবার ইন্টারন্যাশনাল কনভেনশন সিটি বসুন্ধরায় (আইসিসিবি) ‘বসুন্ধরা মিডিয়া অ্যাওয়ার্ড ২০২১’-এ খ্যাতিমান সাংবাদিক হিসেবে আবদুর রশীদ চৌধুরী কুষ্টিয়া জেলা থেকে বিশেষ সম্মাননা পেয়ে তার অসুভূতি প্রকাশ করতে গিয়ে তিনি একথা বলেন।

প্রবীণ এ সাংবাদিক তার অনুভূতি প্রকাশ করে বলেন, জীবনে অনেক প্রোগ্রামে গেছি। অনেক পুরষ্কার অ্যাওয়ার্ডও পেয়েছি। কিন্তু জীবনের এই শেষ সময়ে এসে বসুন্ধরা গ্রুপ যেভাবে আমাদের সম্মানিত করল, তা সত্যিই বিরল।

আব্দুর রশিদ চৌধুরী বলেন, আমাদের দেশের ৬৪ জেলার সাংবাদিকদের সম্মাননা দেওয়ার মাধ্যমে বসুন্ধরা গ্রুপ প্রমাণ করে দিল যে তারা সম্মান দিতে জানে। আমরা মফস্বলের সাংবাদিকরাও যে গুরুত্বপূর্ণ তা-ই প্রমাণ হল এই সম্মাননার মাধ্যমে। যা আমার ৫০ বছর সাংবাদিকতা ক্যারিয়ারে দৃষ্টান্ত হয়ে থাকবে। আমি সত্যিই ভীষণ আনন্দিত। অন্যান্য বড় শিল্প প্রতিষ্ঠানগুলোর প্রতিও আমার আবেদন থাকবে তারাও যেন এমন আয়োজন করেন যোগ করেন প্রবীণ এ সাংবাদিক।

দেশে প্রথমবারের মতো মিডিয়া অ্যাওয়ার্ড প্রবর্তন করেছে শিল্পপ্রতিষ্ঠান বসুন্ধরা গ্রুপ। নানা জমকালো আয়োজনে এই অ্যাওয়ার্ড দেওয়া হচ্ছে। অনুসন্ধানী সাংবাদিকতায় দেশের বহুল আলোচিত এই অ্যাওয়ার্ডে বিভিন্ন ক্যাটাগরিতে পুরস্কৃত করা হচ্ছে ১১ জনকে। এছাড়া মফস্বলে সাংবাদিকতার প্রসারে ভূমিকা রাখায় প্রতিটি জেলা থেকে একজন করে মোট ৬৪ জন গুণী সাংবাদিককে দেওয়া হয় বিশেষ সম্মাননা।

বিভিন্ন ক্যাটাগরিতে ‘বসুন্ধরা মিডিয়া অ্যাওয়ার্ড ২০২১’ পাচ্ছেন ১১ জন অনুসন্ধানী সাংবাদিক। এ উপলক্ষে গুণী সাংবাদিকদের বিশেষ সম্মাননা দেওয়ার উদ্যোগ গ্রহণ করে বসুন্ধরা গ্রুপ। গুণী সাংবাদিকদের দেওয়া হবে নগদ অর্থ, সম্মাননা স্মারক এবং উত্তরীয়।

আবদুর রশীদ চৌধুরী কুষ্টিয়া থেকে প্রকাশিত প্রথম দৈনিক পত্রিকা দৈনিক বাংলাদেশ বার্তা পত্রিকার সম্পাদক। এছাড়াও তিনি প্রায় তিন যুগ বাংলাদেশ টেলিভিশন (বিটিভি)’র কুষ্টিয়া জেলা সংবাদদাতা হিসেবে দায়িত্ব পালন করেছেন। পাশাপাশি দৈনিক সংবাদ এর জেলা বার্তা পরিবেশক হিসেবে নিষ্ঠার সাথে দায়িত্ব পালন করেছেন।

কুষ্টিয়া প্রেসক্লাবের নির্বাচিত সাবেক সভাপতি ছিলেন তিনি। কুষ্টিয়ার সাংবাদিকদের উজ্জ্বল নক্ষত্র আবদুর রশীদ চৌধুরীর অ্যাওয়ার্ড প্রাপ্তিতে কুষ্টিয়ার সাংবাদিক মহল ও বিভিন্ন মহলের পক্ষ থেকে অভিনন্দন ও শুভেচ্ছা জানানো হয়েছে।

মেহেরপুরে সাবেক রাষ্ট্রপতি জিয়াউর রহমানের শাহাদাৎ বার্ষিকী পালিত

সাবেক রাষ্ট্রপতি ও সেনা প্রধান জিয়াউর রহমান (বীর উত্তম) এর ৪১ তম শাহাদাৎ বার্ষিকী উপলক্ষে মেহেরপুর জেলা বিএনপি’র উদ্যোগে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

সোমবার বিকেলে মেহেরপুর শহরের বড় বাজার এলাকায় জেলা বিএনপির কার্যালয়ে এ আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

জেলা বিএনপির সহ-সভাপতি ওমর ফারুক লিটনের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন, জেলা বিএনপির সহ-সভাপতি আলমগীর খাঁন ছাতু।

বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন, জেলা বিএনপির যুগ্ম সম্পাদক প্রভাষক ফয়েজ মোহাম্মদ, সহ-সাংগঠনিক সম্পাদক কাজী মিজান মেনন, জেলা আইনজীবী সমিতির সাবেক সাধারন সম্পাদক অ্যাড. নজরুল ইসলাম, সদর থানা যুবদলের সাবেক সভাপতি হাসিবুজ্জামান, সহ-সাধারণ সম্পাদক হুজাইফা ডিক্লেয়ার, যুবদল নেতা মনিরুল ইসলাম মনি, ছাত্রদলের সহ-সভাপতি নাহিদ মাহবুব সানি প্রমুখ। এছাড়াও জেলা বিএনপি ও

অঙ্গসংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন। পরে জিয়াউর রহমানের আত্মার শান্তি কামনা করে দোয়া করা হয়।

উল্লেখ্য, ১৯৮১ সালের ৩০ মে এক ব্যর্থ সামরিক অভ্যুত্থানে চট্টগ্রাম সার্কিট হাউসে বাংলাদেশী জাতীয়তাবাদের প্রবক্তা জিয়াউর রহমান নির্মমভাবে নিহত হন।

কোটচাঁদপুরে বিদেশে নিরাপদ আম রপ্তানীর উদ্বোধন

দেশের চাহিদা মিটিয়ে লন্ডন, জার্মানী, ইতালী, ইংল্যান্ড সহ ইউরোপের বিভিন্ন দেশে নিরাপদ আম রপ্তানীতে যুক্ত হলো দেশের দ্বিতীয় বৃহত্তম আম উৎপাদন হিসাবে খ্যাত ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলা।

সোমবার দুপুরে উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও জীয়েল ইন্টারন্যাশনাল লিঃ এর আয়োজনে স্থানীয় আম বাজার এলাকায় নিরাপদ সবজি ও ফল বিক্রয় কেন্দ্রে আম রপ্তানী কার্যক্রমের উদ্বোধন করা হয়।

উপজেলা নির্বাহী অফিসার মোঃ দেলোয়ার হোসেনের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, ঝিনাইদহ কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক মোঃ আজগর আলী। উপজেলা কৃষি কর্মকর্তা মোঃ মহাসিন আলীর পরিচালনায় অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন, উপজেলা পরিষদ চেয়ারম্যান শরিফুন্নেছা মিকি, ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন, অফিসার ইনচার্জ মঈন উদ্দিন, উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা সঞ্জয় কুমার, পৌর আ.লীগের সভাপতি কাজী আলমগীর। এসময় রপ্তানীকারক জিএম জনি, ও আরিফ হায়দার, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারী, আম চাষী আব্দুল আজিজ, আবুল হোসেন সহ নানা শ্রেণী-পেশার মানুষ উপস্থিত ছিলেন।

কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের তথ্যমতে উপজেলার ৬’শ বাগানের মধ্য থেকে ৬টি বাগান জৈব বালাই নাশক দ্বারা নিরাপদ আম উৎপাদন এবং

ওয়াশিং ও হট ওয়াটারের মাধ্যমে প্রস্তুত করা হয়।

উপজেলা কৃষি অফিসার মোঃ মহাসিন আলী জানান, এ বছর কোটচাঁদপুর উপজেলা থেকে ২০ মেট্রিক টন নিরাপদ আম বিদেশে রপ্তানী করা হবে। এছাড়াও কাচা কলা, লাউ, পটল, পানসহ বিভিন্ন কৃষি পণ্য বিদেশে রপ্তানী করা হচ্ছে।

গাংনীর বাওট আদর্শ মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে সমন্বয় সভা অনুষ্ঠিত

ছাত্র-ছাত্রীদের স্কুল থেকে ঝরে পড়া রোধ ও শিক্ষার মান উন্নয়নে গাংনী উপজেলার বাওট আদর্শ মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে অভিভাবক, শিক্ষক, স্কুল ব্যবস্থাপনা কমিটি ও গ্রাম উন্নয়ন দলের সমন্বয় সভা অনুষ্ঠিত হয়েছে।

সোমবার (৩০-০৫-২০২২) সকালে স্কুল মিলনায়তন রুমে দি হাঙ্গার প্রজেক্ট এর সহযোগীতায় গ্রাম উন্নয়ন দল, স্কুল ব্যবস্থাপনা কমিটি ও শিক্ষকরা এ আয়োজন করেন।

বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক মোছাঃ ফাল্গুনী বানু অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। স্বাগত বক্তব্য রাখেন প্রধান শিক্ষক মুস্তাফিজুর রহমান সংগ্রাম।

আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন জাতীয় কন্যাশিশু এডভোকেসী ফোরামের মেহেরপুর জেলা শাখার সভাপতি, বিশিষ্ট শিক্ষা অনুরাগী ও সাংস্কৃতিক ব্যক্তিত্ব মোঃ সিরাজুল ইসলাম।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন, মটমুড়া ইউনিয়ন ভলেন্টিয়ার ফোরাম সভাপতি হাসান আলী ও বাওট আদর্শ মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের সহকারী ফেরদৌসী খাতুন ।

অনুষ্ঠানে মুক্ত আলোচনায় শিক্ষার মান উন্নয়নের জন্য মতামত দেন

হোগলবাড়িয়া গ্রাম উন্নয়ন দলের সভাপতি নুরুজ্জামান, অভিভাবক মাছুরা খাতুন, মোঃ আনোয়ার হোসেন, কুতুব উদ্দীন সহ অন্যান্য অভিভাবকবৃন্দ।

শিশু ঝরে পড়া রোধে অভিভাবকদের সচেতনতা বৃদ্ধি, শিক্ষার মান উন্নয়ন করা, শিক্ষার্থীদের ভাল ফলাফল করানো ও মোবাইল ফোন আসক্তি থেকে সন্তানকে দুরে রাখার জন্য নানা সিদ্ধান্ত নেওয়া হয় অভিভাবক সমাবেশে। অনুষ্ঠানে দি হাঙ্গার প্রজেক্টের মটমুড়া ইউনিয়ন সমন্বয়কারী সাধন কুমার।

কুষ্টিয়ায় যুবককে শ্বাসরোধে হত্যার দায়ে দুই যুবকের যাবজ্জীবন

কুষ্টিয়ার কুমারখালী উপজেলায় সাবু মিয়া (২০) নামে এক যুবককে শ্বাসরোধে হত্যার দায়ে বাপ্পী প্রামাণিক ও আল আমিন নামে দুই যুবকের যাবজ্জীবন সশ্রম কারাদণ্ড দিয়েছেন আদালত। একই সঙ্গে তাদেরকে ২৫ হাজার টাকা জরিমানা, অনাদায়ে আরও এক বছরের সশ্রম কারাদণ্ডাদেশ দেওয়া হয়েছে।

সোমবার (৩০) দুপুরে কুষ্টিয়ার অতিরিক্ত জেলা ও দায়রা জজ আদালতের বিচারক মো. তাজুল ইসলাম এ রায় দেন।
রায় ঘোষণার সময় আসামিরা আদালতে উপস্থিত ছিলেন। রায় ঘোষণার পরপরই দণ্ডপ্রাপ্ত আসামিদের পুলিশ পাহারায় জেলা কারাগারে পাঠানো হয়।

দণ্ডপ্রাপ্তরা হলেন- কুমারখালী উপজেলার মহেন্দ্রপুর এলাকার গোলাপ সর্দারের ছেলে আল আমিন সর্দার এবং একই উপজেলার চাপাইগাছি এলাকার আজিম প্রামাণিকের ছেলে বাপ্পি প্রামাণিক।

আদালত সূত্রে জানা যায়, ২০১৫ সালের ১২ সেপ্টেম্বর বিকেলে সাবু মিয়া বাড়ি থেকে বাজারের উদ্দেশ্যে বের হন। এরপর থেকে তিনি

নিখোঁজ হন। বাড়ির লোকজন তাকে খুঁজে পাচ্ছিল না। পরদিন ১৩ সেপ্টেম্বর সকালে চাপাইগাছি এলাকায় একটি কলাবাগানের মধ্যে রক্তাক্ত জখম অবস্থায় মরদেহ দেখতে পান স্থানীয়রা। সাবুর পরিবারের লোকজন মরদেহ শনাক্ত করেন। পরে কুমারখালী থানা পুলিশ সাবুর মরদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য মর্গে পাঠায়। পরদিন ১৪ সেপ্টেম্বর নিহত সাবু মিয়ের বাবা স্বপন মন্ডল বাদী হয়ে একটি হত্যা মামলা করেন। প্রেমঘটিত বিরোধকে কেন্দ্র করে সাবু মিয়াকে নির্মমভাবে নির্যাতন করে শ্বাসরোধে হত্যা করেন আসামিরা।

মামলার তদন্ত শেষে ২০১৬ সালের ১৮ জানুয়ারি আসামিদের বিরুদ্ধে আদালতে তদন্ত প্রতিবেদন দাখিল করেন তদন্তকারী কর্মকর্তা এসআই আবুল হাশেম। সাক্ষ্য-প্রমাণ শেষে ৩০ মে রায় ঘোষণার দিন ধার্য করা হয়। ১৮ জন সাক্ষীর সাক্ষ্য গ্রহণ শেষে সোমবার আদালত এ রায় দেন।

আদালতের সরকারি কৌঁসুলি (পিপি) অনুপ কুমার নন্দী বলেন, হত্যা মামলায় দোষী প্রমাণিত হওয়ায় দুই আসামিকে যাবজ্জীবন সশ্রম কারাদণ্ড দিয়েছেন আদালত। রায় ঘোষণার সময় তারা আদালতে উপস্থিত ছিলেন।